জেফ স্মিথের
বোন
১ম পর্ব
চিত্রচোর কমিকস
চিত্রচোর কমিকস
CHITROCHOR.BLOGSPOT.IN
বাংলায় অনুবাদ : ইন্দ্রনীল কাঞ্জিলাল

কাহিনী ও ছবি

জেফ স্মিথ

রঙ

স্টিভ হ্যামাকার

বাংলায় অনুবাদ

ইন্দ্রনীল কাঞ্জিলাল

বর্ণ সংস্থাপন ও সম্পাদনা

রূপক ঘোষ

বোন
প্রথম অধ্যায় ঃ
ম্যাপ কাহিনী
লোকগুলোকে আর দেখা যাচ্ছে না...
ইয়ো! ফোনিভাই, শুনলি? বেঁচে গেলুম এ যাত্রায়!
chitrochor.blogspot.in
বোঝো কান্ড! দু'সপ্তা হলো বোনভিল থেকে সটকেছি আর এ এখনো চাপ নিয়ে যাচ্ছে!
ঠিকই হ্যায়! বোনভিলের ধনীশ্রেষ্ঠ বলে কতা! যা ইচ্ছে তাই করতেই পারে!
ও হো হো!
সরি! আর ধনী নয়, এখন ফুটো মাস্তান!
chitrochor.blogspot.in

ছাড়, ওকে আর জ্বালাস্ না!
আমার সঙ্গে এর'ম ব্যাভার ওরা করে কোন **সাহসে?** সবকটার মুখে পটাপট চাঁদির জুতো মারবো!
chitrochor.blogspot.in

উফ্!ওফ্!মাগো! বহোৎ **না-ইন্সাফি!** আর পারছি না!... কষ্ট...দমবন্ধ হয়ে আসছে...

আমি হলুম্ গিয়ে সন্মানীয় গোষ্ঠীপ্রধান! যাকে বলে নৈতিক আদর্শের **জীবন্ত মনুমেন্ট!!**

না হয় আমার স্কিমগুলোতে কিছু টাকা লস্ই হয়েছে! তাই বলে বোনভিলের জনপ্রিয়তম বোনকে সব্বাই মিলে দূদ্দূর করে **খেদিয়ে** দিলি??
chitrochor.blogspot.in

জনপ্রিয়তম?? বলিস্ কি? সেইজন্য বুঝি তোকে ইস্কুলের বাচ্চাগুলো আদর করে ঠেলাচ্ছিলো??
হ্যাঁ... তাই দিলো!

অসভ্য...ইতর...
দেখে নিস্ একদিন, **ফোন্সিবল্ পি.বোন** এই অপমানের **চুন্‌চুন্‌কে** বদলা নেবে!
...হুম্ম...

দূউউর্ ক্ষ্যাপা! দুক্ষু কিসের? ওরে মেঘ দেখে তুই করিস্‌নে ভয়! আড়ালে তার সূয্যি হাসে! জানিস তো!
chitrochor.blogspot.in

মোক্ষম বললি স্মাইলি! এদিকে তোর সূয্যিমামার অট্টহাসির ঠেলায় আমরা পুড়ে পরোটা...
আরে! এসব বলেকয়ে ওকে অল্প চাঙ্গা রাখার চেষ্টা করছি।

ওরে ফোনিভাই! টাকাপয়সার বাইরের দুনিয়াটা চিনতে শেখ।
আমাকে দ্যাখ্! আমার পকেট ফাঁকা তাই নো চিন্তা অ্যাবাউট টাকা!
chitrochor.blogspot.in

অর্থের অনর্থহীন জগতে আনন্দের মুক্ত আকাশে আমি এক স্বাধীন বিহঙ্গ...
বিহঙ্গ না কচু! তুই ফুলটুস্ হাড়গিলে **হাঁড়িচাচা!!**
chitrochor.blogspot.in

তা সে যাই হই না কেন, আমি কথাটা মন্দ বলিনি।
এই ব্যাটা **ফোন বোন!**

চিল্লাচ্ছিস্ কেন?
তখন থেকে ম্যাপ নিয়ে খুটুরখাটুর করছিস, ঠাওর হলো কিছু?
chitrochor.blogspot.in

ঠিক বুঝে উঠতে পারছি না, সামনের পাহাড়গুলো তো এই ম্যাপে নেই দেখছি...

এই
যাচ্চলে!!
ছাড় ছাড়,
আমায় দে দিকি
chitrochor.blogspot.in

ধুস্ এতো ছোট্ট ম্যাপে কি
সব আঁটে নাকি? একটু বড়ো
দেখে ম্যাপ আনতে কি
হয়েছিল?

ব্যাপারটা তা নয়, এই জায়গাটার
ম্যাপ আসলে কেউ করেই নি!
তার মানেটা
কি দাঁড়ালো?

পথ হারালুম
মনে হচ্ছে!
বোনেদের মনে নেই ভয়,
নতুন পথে যাবো নিশ্চয়!
অসহ্য!
মুখে
সেলোটেপ
আঁট না!

একটা কথা বলতো ফোন,
তুই আমাকে পালাতে হেল্প
করলি, আমার সঙ্গে এলি
বুঝলুম কিন্তু এই ট্যাঁশগরুটাকে
টানার কি দরকার ছিলো?

নইলে
তোকে
জ্বালাতন কে
করবে??
আচ্ছা!
তাই, না?
ভাইলোগ!
পানি খতম্।
আব কেয়া হোগা
হামারা?
chitrochor.blogspot.in

গলা টিপে হত্যা করবো তোকে!!
নাটক করিস না! মনে রাখিস এই অবস্থার জন্য দায়ী তুই!
ষোলা আনে সহি! শহরের লোকেরা থোড়াই আমাদের শত্রু নাকি! এই ফোনিভাইয়ের দু'নম্বরি কাজের জন্যই তো ওরা ক্ষেপে গেল!
chitrochor.blogspot.in

আমাকে কেউ ভালোবাসে না! আমি আজ পথের ভিখিরী। **ওরে বাবা!** আমি নিঘ্ঘাত এবারে মরে যাবো!
মরা অতো সহজ নয়! মাথা ঠাণ্ডা রাখ। ছট্ফট্ করিস না।
chitrochor.blogspot.in

জল! আমায় কেউ একটু **জল** দাও! জিভটা শুকিয়ে **সাহারা...!!**
দ্যাখ্‌রে কি পেলুম! মনে হচ্ছে এখানকার ম্যাপ!
?!

ওই! ওই তো! সামনের পাহাড়গুলোও আছে তো এটায়।
বাঁচ গিয়া, দে, দে, দেখি!
chitrochor.blogspot.in

একটা টাকা দে আগে!
ক্কী??
দিয়ে দে, চাইছে যখন।

কভি নেহী!
মরুভূমির মাঝে দাঁড়িয়ে তক্ক করে লাভ কি? দিয়ে দে!

ব্যাটা পকেটমার... একী...! এতো কোনো বাচ্চার আঁকা মনে হচ্ছে, কি সব ইড়িংবিড়িং **ঘোড়ার ডিম!**
এক টাকায় এর বেশি আর কি পাবি?
chitrochor.blogspot.in

ছেড়ে দে আমায়! রক্তদর্শন করবো আজ!
ওরে! কারা যেন সব ইদিকেই আসছে...

কম্মো সেরেছে! শহরের লোকগুলো আসছে নিশ্চই!
শ্‌শ্‌শ... একটু চুপ কর...
শুনতে পাচ্ছিস?
জজজজজজজ জজজজজজজ

স্মাইলি কিসের শব্দ রে?
শহুরে আপদগুলো তেড়ে আসছে বুঝি?
নাঃ ওরা নয়...
জজজ জজজজজ

পঙ্গপালের ঝাঁক...
...দঙ্গলও বলতে পারিস!
জজজ
chitrochor.blogspot.in

ওরে পিসিমা রেএএএএএএএএ
chitrochor.blogspot.in

বাপ্‌রে
পালা রে
chitrochor.blogspot.in

হ্যাহুয়ায়াইয়াক্‌
সামাল্‌কে ফোনি!!

মুখ খুলবি না! সড়াৎ করে পেটে চলে যাবে একদম...হ্যাক্‌ ওয়াক্‌ থুঃউউ...
হোওওয়াউয়াক্‌
chitrochor.blogspot.in

থুঃ থুঃউউ
থুঃ থুঃ থুঃ

যাক বাবা! হাড়গোড় সব আস্ত আছে এটাই বাঁচোয়া!
ফোনি! স্মাইলি! এদিকটায় আসিস না। **খাদে** পড়ে যাবি!
chitrochor.blogspot.in
...এর মধ্যেই পড়ে যায়নি তো আবার??
ওরে! তোরা আছিস নাকি কাছাকাছি??
কি রে!?
ফোনি বোন, স্মাইলি, আমার গলা শুনতে পাচ্ছিস? সাড়াশব্দ দে না রে বাপু!!
chitrochor.blogspot.in
chitrochor.blogspot.in

আরেঃ! এ তো সেই ম্যাপটা!!
chitrochor.blogspot.in

দেখে তো মনে হয় কোনো বাচ্চারই কাজ! তবু রেখে দিই, বলা যায় না...

...আবার ফোনিকে উদ্ধার করার কাজে লেগে...
...যেতেও পারে।

হতভাগা!...
...সবসময় ঝামেলা পাকাবে!

যতোই তুতো ভাই হোক! একবার বোনভিলে ফিরি, তারপর নিজের রাস্তা নিজেই বুঝে নেবে!

তখন ওর পিছনে উন্মত্ত জনতা বা পালে পালে পঙ্গপাল যাই থাকুক, আমি আর নেই এসবে!
chitrochor.blogspot.in

আসলে বিপদে আপদে এগিয়ে যাই তো,তাই পেয়ে বসেছে ব্যাটা!
শুধু এক কথা, "ফোনভাই আমার বড্ডো বিপদ! আমায় বাঁচা **প্লীজ**"

একদিন এমন দেবো না...
সেরেছে!
পাহাড়টা এতো কাছে চলে এলো কি করে?

কারোর তো টিকির পাত্তা নেই দেখছি! তাহলে কি...
...পোড়া কপাল!! আমি নিশ্চই ভুল দিকে চড়ছিলাম এতক্ষণ!! **ওরে সব্বোনাশ!!** কি করি এবার??
chitrochor.blogspot.in

যে করেই হোক ওদের খুঁজে বের করতেই হবে!

স্মাইলি!
ফোনি!
chitrochor.blogspot.in

!

চুরুটের টুকরো!

ওই...আরেকখানা!
chitrochor.blogspot.in

স্মাইলির এই বদভ্যাসটা যে এইভাবে কাজে লেগে যাবে তা কে জানতো!

chitrochor.blogspot.in

chitrochor.blogspot.in

উফ্ আফ্ উফ্

ওওফফ্
বাপ্‌রে আর পারছি না, দু'দন্ড জিরিয়ে নিই বরং!

অন্ধকার হওয়ার আগে ওদের যেমন করেই হোক খুঁজে পেতে হবে।
chitrochor.blogspot.in

অজানা, অচেনা জায়গা, রাত নেমে এলে আবার কি বিপদ ঘনিয়ে আসে...

...তবে কিনা সারাদিন ধরে যা হ্যাঙ্গামা হলো তার থেকে খারাপ আর কিই বা হতে পারে!!
হাআই!
chitrochor.blogspot.in

মশালটা জ্বাল্...
chitrochor.blogspot.in

এই কি? একেই খুঁজছি আমরা?
বুঝতে পারছি না...দ্যাখ তো বুকে তারা সাঁটা আছে?
chitrochor.blogspot.in

নাঃ, তারা-ফারা কিস্যু নেই...
...তা'লে এটা নয়, চ, ভালোই হলো, জলখাবারটা সেরে ফেলি...

কাকে জলখাবার করবি?
ফ্যাঁস্স্

কে রে তুই?
বেয়াদপ ছোক্‌রা! চল্ কেটে পড় এখান থেকে এক্ষুনি!!

আমায় দেখে **'ছোক্‌রা'** মনে হচ্ছে?
chitrochor.blogspot.in

অ্যাঁই বাপ্‌স!!! এ যে **লাল ড্রাগন!!** চাচা রে আপন প্রাণ বাঁচা রে...

আহ্হ...
কি...কিসের
আওয়াজ?
কারা কথা
বলছে...??
ঘুম
ভাঙ্গলো?
অ্যাঁ...!
ক্কে??
কে আপনি?
মাচিস্
হবে?
আরে!!
স্মাইলি নাকি
রে??
যাক্ বাবা!
বাঁচলুম!
দাঁড়া, ব্যাগে
দেশলাই আছে,
বার করে
জালাচ্ছি...
খিচির
chitrochor.blogspot.in
উরিঃ দাদ্দা!
chitrochor.blogspot.in

ধন্যবাদ ভাই!
ইয়ে...মানে...
ঠিক আছে...
chitrochor.blogspot.in

খুচুর

যাব্বাবা!!
ভ্যানিশ?!
chitrochor.blogspot.in

সারাদিন
না খেয়ে পেটে
গ্যাস হয়ে গেছে,
তাই বোধহয়
উষ্টুমধাষ্টুম
স্বপ্ন দেখছি!!

chitrochor.blogspot.in

আর পারছি না!
তেষ্টায় আলজিভ অব্দি
শুকিয়ে ঠা ঠা করছে।

ম্যাপ অনুযায়ী তো এই পাহাড়ি
পথটা পেরলেই একটা ঝর্ণার
দেখা পাওয়া যাবে...
chitrochor.blogspot.in

ম্যাপ ঠিক হলে এতক্ষণে তো...
ধুস্! ধুস্! আমি এক রাম বুদ্ধু! এটা কোনও
ম্যাপই নয়, সব ওই স্মাইলিটার
ফকিক্কারি...!!

চুরুটের টুকরোও তো আর দেখতে
পাচ্ছি না, কি করে ওদের খুঁজে বার করবো
তা হলে?
chitrochor.blogspot.in

ম্যাপ চুলোয় যাক!
ঝর্ণাটা খুঁজে
পেতেই হবে। হাল
ছাড়লে চলবে না।
chitrochor.blogspot.in

কদম কদম
বাড়ায়ে যা...
কদম কদম
বাড়ায়ে...

আরেঃ!!
বাঁচলুম!!

পেট পুরে জল খাবো এবার। ম্যাপটা তাহলে ভাঁওতা নয়, আশা আছে এখনো!

স্মাইলি রে, তোর নাক আরও লম্বা, আরও চক্‌চকে হোক!

জল খেয়ে একটু বিশ্রাম নিয়েই আবার হাঁটা লাগাবো...

আরে! এই তো! ফের চুরুটের নিশান...!
এইয়ো!! দেখ্‌কে! অন্ধ নাকি হে??
chitrachor.blogspot.in

ওহোহোহো! সরি...সরি...তা তুমি আবার কে?
আমি পোকা আমার নাম টেড!

একদম একটা পাতার মতো দেখতে তুমি!
পাতা?!? ঠাট্টা হচ্ছে? দাঁড়াও বড়দাকে ডাকছি!

আরে না, না! ঠাট্টা কিসের? তোমার বড়দা এসে কি করবে? আমায় কপাৎ করে গিলে খেয়ে নেবে বুঝি?

chitrachor.blogspot.in
এই মেরেছে!!
কি রে টেড? কি ব্যাপার?

আমি...মানে না...মানে ওই পাতা...সরি!
টেডকে জ্বালাতন করছিস বুঝি? দেবো নাকি কানচাপাটিতে সলিড একখানা?
ছেড়ে দে বড়দা! এমনিতেই চাপ খেয়ে গেছে, এর ওপর তুই যদি ফের মুষ্টিযোগ দিস, তাহলে একে স্রেফ আর খুঁজে পাওয়া যাবে না!

ও দাদা গো! ক্ষ্যামা দিন গো! ছোট ভাইয়ের কথাটা শুনুন গো বড়দা...
ঠিক আছে, যা এবারের মতো ছেড়ে দিলুম।

আমি কোনো ঝামেলা চাই না স্যার! আমি আমার তুতোভাইদের খুঁজছি,আমরা পথ হারিয়েছি! আপনি কি বোনভিল ফেরার রাস্তাটা বাৎলাতে পারবেন?
বোনভিল ? সেটা আবার কোথায়?

একটা কথা সিধে মগজে ঢুকিয়ে নে, শীত পড়ে গেলে চাদ্দিক বরফে ঢেকে যাবে, তখন কিন্তু আর এখান থেকে বেরোতে পারবি না!

তাই বোনভিল, ঝিলমিল , যেখানেই যা, এই মওকায় বেরিয়ে পড়। নয়তো পুরা কা পুরা কেস বিলা হয়ে যাবে!
হ্যাঁ... মানে সেতো বটেই...!
chitrochor.blogspot.in

যা, টেড বললো বলে তোকে ছেড়ে দিলুম, এবার রাস্তা মাপ। আর ঘুরঘুর করিস্ না!
যে আজ্ঞে বড়দাভাই!

বড়দা ওরকমই, বাইরে গরম হলেও ভিতরে নরমসরম!
যা হোক, তোমাকে বরং থর্নের কাছে নিয়ে যাই ও ঠিক একটা উপায় বার করবে...আচ্ছা তোমার নামটা কি গো?

ফোন বোন, তা এই থর্নটি কে? আরো বড় একটা পোকা?
হা হা হা, আরে না, না! থর্ন খুব বুঝদার, অনেক খবর-টবর রাখে এই আর কি!
chitrochor.blogspot.in

তবে বড়দা ভুল কিছু বলে নি, এখানে শীত খুব ঝপ্ করে পড়ে যায়, তার আগেই তোমাকে চলে যেতে হবে।
সে আর বলতে! ওই দুটোকে খুঁজে পেতে যা দেরি,তারপরেই ভাগলবা!

ব্যাপক তেষ্টা পেয়েছে, অল্প গলা ভিজাতে পারলে মন্দ হতো না।
ব্যারেলহ্যাভেনে থামা যাবে, ওখানকার পানীয় যাকে বলে লা-জবাব
আরেঃ?!
chitrochor.blogspot.in

দোস্ত, ওই দ্যাখ্ জলখাবার! মোট্কা শরীরটা নিয়ে যা, ঝোপের আড়ালে লুকো!

এই যে ভায়া! একটু এদিকে এসো দিকি, একটা দারুণ মজার জিনিস আছে, দেখবে তো এসো জল্দি!
chitrochor.blogspot.in

যা দেখাবে এখান থেকেই দেখাও। ফালতু টাইম নষ্ট করার সময় নেই আমার, তাড়া আছে...
ধুত্তোর ছাতার মাথা! বললে কথা শোনে না! আরে ঝোপের ভিতর না ঢুকলে মজাটা টের পাবি কি করে?
chitrochor.blogspot.in

এই টেড! কি হল? চললে কোথায়?
কেটে পড়ছি বোনদা, সরি...
দোস্ত জল্দি গরমজলের হাঁড়িটা চাপা...
চাপাবো না! মোট্কা বল্লি কেন??

কম্মো সেরেছে! কেটে পড়ো কাকা!!

হেঁ হেঁ যাবে তো! আমাদের পেটে যাবে, অতো তাড়া কিসের? জল গরম করলি?
না, আমি তো মোটা!!

না!? না কি রে অলম্বুষ!
দে, দে, প্রাণভরে গালাগাল দে আরো...
chitrochor.blogspot.in

এরকম করিস্ না দোস্ত, ক্ষিদের চোটে মাথার ঠিক ছিলোনা, কি বলতে কি বলে ফেলেছি...

আচ্ছা, আচ্ছা, তুই মোটা নোস্, হল তো এবার??
হাত জোড় করে ক্ষমা চা!
chitrochor.blogspot.in

ছাড় না বাপু! ক্ষিদে পাচ্ছেনা তোর? রগরগে করে ঝোল বানিয়ে...
ঝোল? ঝোল কেন? নারকোলের পূর দিয়ে তোফা করে চন্দ্রপুলি করলে ক্ষেতি কি??

চন্দ্রপুলি?!!? আরে ছ্যা ছ্যা, রামোচন্দর! এই যা, একটু ইদিকউদিক ঘুরেফিরে আয়, আমরা ততোক্ষণ আলোচনাটা সেরে ফেলি!

দ্যাখ,তোর জ্বালায় কি হলো শেষমেষ!!
আমার কি? তোর ঝোল তুই বোঝ্!
chitrochor.blogspot.in

বড়ো জোর
বেঁচেছি!

টেড কোথায় গেল? ও বলেছিল থর্নের কাছে নিয়ে যাবে...
chitrochor.blogspot.in

টেড...অ্যাই টেড, কোথায় তুমি?
chitrochor.blogspot.in

এইইই! রোখ্‌কে! ঝর্ণার শব্দ শুনতে পেলুম মনে হচ্ছে!

জল!
ওরে কতো জল রে...!
chitrochor.blogspot.in

আহা জল! গ্লব্‌ গ্লব্‌ বাহা জল! গ্লুবুস্‌ টল্‌টল্‌ গ্লাব... সুশীতল... প্রাণ জুড়ুলো!

এবার কি করি? ওদের খুঁজে পাওয়ার আগেই যদি তুষারপাত শুরু হয় তাহলেই চিত্তির!

কপালে আরো কত গ্রহ আছে কে জানে...মাথায় আকাশ ভেঙ্গে পড়াটাই যা বাকি!!
chitrochor.blogspot.in

ধাঁই - ধপপাস্ !

লে হালুয়া !!

প্রথম অধ্যায় সমাপ্ত

কি হবে এরপর ? জানতে চোখ রাখুন চিত্রচোর ব্লগে।